ভোরের কাগজ

তারিখ ... JAN. 1.7 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

# জরুরী বিজ্ঞপ্তি

নং-৪/কল/বিজ্ঞপ্তি-১৮/৭৭০৯ তাং ১৫/১/২০০০ইং

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী-এর আওতাধীন সকল মহাবিদ্যালয়ের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের ২০০০ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার নিয়মিত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে যে সব তথ্য দাখিল করা হয়েছে তার মধ্যে প্রায় ২৪ (চব্বিশ) হাজার শিক্ষার্থীর তথ্যাদিতে নানারূপ অসংগতি থাকায় তাদের নিবন্ধনকরণে অসুবিধা সৃষ্টি হয়েছে। এ প্রেক্ষিতে রেজিস্ট্রেশন সংক্রান্ত যাচাই কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রামাণ্য কাগজপত্র ও তথ্যাদি জমা দেয়ার জন্য ইতোমধ্যেই পত্র প্রেরণ করা হয়েছে। কাজেই উল্লেখিত প্রায় ২৪ (চব্বিশ) হাজার ছাত্র/ছাত্রীসহ ২০০০ সালের সকল পরীক্ষার্থীদের এস,এস,সি/সমমানের পরীক্ষার মূল নম্বরপত্র ও অন্যান্য তথ্যাদি প্রেরিত পত্রে প্রদত্ত তারিখ ও দিনে জরুরী ভিত্তিতে অধ্যক্ষ/শিক্ষক প্রতিনিধির মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ জানানো হল।

নির্ধারিত সময়ে মূল নম্বরপত্রসমূহ এবং অন্যান্য কাগজপত্র ও তথ্যাদি জমা না দেয়ার কারণে ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন প্রদান করা সম্ভব না হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকেই বহন করতে হবে। অত্র শিক্ষা বোর্ডের উপর তা কোনক্রমেই বর্তাবে না।

মোঃ মনসুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক ও
ভারপ্রাপ্ত কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

সিটি-১৮/২০০০ (৬"×২)